

মোঃ আবুল কালাম আজাদ
ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল নম্বর: +৮৮ ০১৮১৯৩১১০৫০, +৮৮ ০১৭১২৮৩১৭৯৩

টেলিফোন নম্বর: +৮৮ ০২ ৩৩৩৩০১২৯০,

ফ্যাক্স নম্বর: +৮৮ ০২ ৩৩৩৩০১২৯২

ইমেইল: md@easterncables.com

mdeclctg1@gmail.com

akazadcs3098@gmail.com

ওয়েব সাইট: www.easterncables.gov.bd

জনাব মোঃ আবুল কালাম আজাদ বর্তমানে বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি)এর নিয়ন্ত্রনাধীন ইস্টার্ন ক্যাবলস লিমিটেড (ইসিএল) এর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) হিসেবে নিয়োজিত রয়েছেন। তিনি ইসিএল পরিচালনা পরিষদেরও একজন সদস্য। তিনি ২০০৬ সালে বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল করপোরেশন এর চাকুরিতে প্রবেশ করেন। প্রথমে তিনি বিএসইসি'র অন্যতম প্রতিষ্ঠান এটলাস বাংলাদেশ লিমিটেড (এবিএল) এ ২০০৬ থেকে ২০১৮ সালের আগস্ট পর্যন্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। এবিএল এ কর্মকালীন সময়ে তিনি হিসাব বিভাগীয় প্রধান এবং এবিএল ঢাকা স্টক এক্সচেঞ্জ এর লিস্টেড কোম্পানি হওয়ায় কোম্পানি সচিব পদে দক্ষতা, সুনাম, সততা ও সফলতার সাথে দায়িত্ব পালন করেন।

তিনি ২০১৮ সালের আগস্ট করপোরেশন এর অন্যতম প্রতিষ্ঠান ন্যাশনাল টিউবস লিমিটেড (এনটিএল) এ বদলি হন। এনটিএল এ কর্মকালীন সময়ে প্রতিষ্ঠানটি ঢাকা স্টক এক্সচেঞ্জ এর লিস্টেড কোম্পানি হওয়ায় কোম্পানি সচিব হিসেবে যথেষ্ট মেধা, দক্ষতা ও যোগ্যতার স্বাক্ষর রাখেন এবং সুনাম, সততা ও সফলতার সাথে দায়িত্ব পালন করেন।

জনাব মোঃ আবুল কালাম আজাদ ১৯৭৯ সালে পাবনা জেলার সুজানগর উপজেলার সাতবাড়িয়া ইউনিয়নের কুড়িপাড়া গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সাতবাড়িয়া উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি, ঢাকা কলেজ থেকে এইচএসসি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর হিসাববিজ্ঞান বিভাগ থেকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর সম্পন্ন করেন।

তিনি ইনিস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (আইসিএসবি) থেকে চার্টার্ড সেক্রেটারি প্রফেশনাল ডিগ্রী অর্জন করেন।

জনাব মোঃ আবুল কালাম আজাদ এবিএল এ চাকুরিকালীন সময়ে ব্যবসায়িক দ্বিপাক্ষিক আলোচনার উদ্দেশ্যে চীন সফর করেন। এছাড়া তিনি বাংলাদেশ পাবলিক এডমিনিস্ট্রেশন ট্রেনিং সেন্টার (বিপিএটিসি), সেন্টার ফর ট্যাক্স ট্রেনিং এ্যান্ড রিচার্স (সিটিটিআর), এনপিও, এপিও, ডিএসই, সিএসডিএফ প্রভৃতি প্রতিষ্ঠান থেকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ এবং সেমিনারে অংশগ্রহণ করেছেন। কর্মজীবনের পাশাপাশি তিনি বিভিন্ন ধর্মীয় ও সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডের সাথে জড়িত রয়েছেন।

ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত। তার স্ত্রী জনাবা ফয়জুন নেছা একজন সরকারি চাকুরিজীবী। তিনি দুই পুত্র সন্তানের জনক।

ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবুল কালাম আজাদ রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান ইস্টার্ন ক্যাবলস লিমিটেড-কে আরো সমৃদ্ধ ও শক্তিশালী এবং লাভজনক প্রতিষ্ঠান হিসেবে পরিচালনার জন্য দেশের বিদ্যুৎ সেক্টরের সকল প্রতিষ্ঠান (বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন পিডিবি, বিআরইবি, ডিপিডিসি, পিজিসিবি, ডেক্সো, নেক্সো প্রভৃতি)-কে এগিয়ে আসার আহ্বান জানান। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী সারা দেশে শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ চালু রাখতে শর্ট সার্কিট জনিত দুর্ঘটনা এবং অগ্নিকাণ্ডের ঝুঁকি এড়াতে আর্ন্তজাতিকভাবে স্বীকৃত ও গুণগতমানে দেশের সেরা ইস্টার্ন ক্যাবলস লিমিটেড এর তৈরি বৈদ্যুতিক ক্যাবলস ও কন্ডাকটর ব্যবহার ও ক্রয় নিশ্চিতকরণে সকল মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট বিভাগসমূহ সহ সরকারি-বেসরকারি সকলের একান্ত সহযোগিতা কামনা করেন।